রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১১, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখ, ৯ মার্চ ২০০৪/২৬ ফাল্গুন ১৪১০

এস, আর, ও নং ৬০-আইন/২০০৪/৪০১-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৭২, ধারা ৬(৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর (মৌসুমী ইটভাটা) বিধিমালা, ২০০১ রহিতক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) ;

(খ) "ইটভাটা" অর্থ ইট পোড়ানোর জন্য তৈরীকৃত যে কোন স্থান বা ক্লিন, যে নামেই অভিহিত হউক ;

(গ) "এক সেকশন" অর্থ অনধিক ২৫০′ দৈর্ঘ্য, অনধিক ৫৪′ প্রস্থ ও ৮′ উচ্চতাবিশিষ্ট কোন ইটভাটা, যাহাতে ন্যূনতম ১২০′ ফুট অথবা পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক সময় সময় নির্ধারিত উচ্চতা ও বর্ণনার একটি চিমনী রহিয়াছে ;



মূল্য ঃ টাকা ৩.০০

(ঘ) "কর" অর্থ আইনের ধারা ৩ এ উল্লিখিত মূল্য সংযোজন কর ;

(ঙ) "বিধিমালা" অর্থ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ ;

(চ) "বিভাগীয় কর্মকর্তা" অর্থ মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ের দায়িত্বে নিয়োজিত মূল্য সংযোজন কর কর্মকর্তা ;

(ছ) "মৌসুমী ইটভাটা" অর্থ এমন কোন ইটভাটা যেখানে শুষ্ক মৌসুমে হাতের সাহায্যে ইট প্রস্তুতকরণসহ নির্দিষ্ট সেকশনে ইট পোড়ানো হয় ;

(জ) "দেড় সেকশন" অর্থ অনধিক ২৫০′ দৈর্ঘ্য, অনধিক ৬২′ প্রস্থ ও অনধিক ৮′ উচ্চতা অথবা ২৫০′ দৈর্ঘ্য, ৫৪′ প্রস্থ ও ১০.৫′ উচ্চতাবিশিষ্ট কোন ইটভাটা (জিগজাগ বা হাওয়া ভাটার ক্ষেত্রে), যাহাতে ন্যূনতম ১২০′ ফুট অথবা পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক সময় সময় নির্ধারিত উচ্চতা ও বর্ণনার একটি চিমনী রহিয়াছে ;

(ঝ) "দুই সেকশন" অর্থ দেড় সেকশনের জন্য নির্ধারিত পরিমাপের উর্ধে যে কোন পরিমাপবিশিষ্ট কোন ইটভাটা, যাহাতে ন্যূনতম ১২০′ ফুট অথবা পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক সময় সময় নির্ধারিত উচ্চতা ও বর্ণনার একটি চিমনী রহিয়াছে ;

(ঞ) "সেকশন" অর্থ বিধিমালার অধীন কোন ইটভাটার সেকশন।

ব্যাখ্যা ঃ কোন সেকশনের দৈর্ঘ্য ও প্রস্থ পরিমাপের ক্ষেত্রে ইটভাটার বহিঃদেওয়ালের অভ্যন্তর ভাগের, মটর ব্যতীত অংশ, এক দেওয়াল হইতে অন্য দেওয়াল পর্যন্ত পরিমাপ করিতে হইবে এবং উচ্চতা পরিমাপের ক্ষেত্রে তলদেশ হইতে দেওয়ালের উপরিভাগ পর্যন্ত পরিমাপ করিতে হইবে।

৩। কর আদায়।—আইনের অধীন প্রণীত অন্য কোন বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে মৌসুমী ইটভাটায় প্রস্তুতকৃত ইটের উপর প্রদেয় কর আদায় করা হইবে।

৪। মূল্য সংযোজন কর আরোপের জন্য মূল্য।—প্রতি হাজার ইটের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ট্যারিফ মূল্য বা ইট প্রস্তুতকারক কর্তৃক ঘোষিত মূল্য যাহা অধিক হয়, উহা মূল্য সংযোজন কর এর আরোপযোগ্য মূল্য হিসাবে গণ্য হইবে।

৫। কর নিরূপণ পদ্ধতি।—(১) প্রতি এক সেকশনে উৎপাদিত ও বিক্রয়যোগ্য ইটের পরিমাণ ১০ (দশ) লক্ষ, প্রতি ১.৫ (দেড়) সেকশনে উৎপাদিত ও বিক্রয়যোগ্য ইটের পরিমাণ ১৫ (পনের) লক্ষ, এবং প্রতি ২(দুই) সেকশনে উৎপাদিত ও বিক্রয়যোগ্য ইটের পরিমাণ ২০ (বিশ) লক্ষ বলিয়া গণ্য হইবে।

(২) উপ-বিধি (১) মোতাবেক নির্ধারিত ইটের জন্য বিধি (৪) অনুযায়ী নিরূপিত মোট মূল্যের উপর ১৫% হারে মূল্য সংযোজন কর প্রদেয় হইবে।

(৩) কোন ইটভাটার কোন সেকশনে একাধিক চিমনী ব্যবহার করা হইলে কর নিরূপণের ক্ষেত্রে উক্ত ইটভাটাকে সংশ্লিষ্ট সেকশনের দ্বিগুণ পরিমাণ সেকশন হিসেবে গণ্য করিতে হইবে।

(৪) কোন ইটভাটায় কোন সেকশনের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার পরিমাপ সংশ্লিষ্ট সেকশনের জন্য নির্ধারিত পরিমাপের অধিক হইলে কর নিরূপণের ক্ষেত্রে উক্ত ইটভাটার সংশ্লিষ্ট সেকশনকে পরবর্তী উচ্চতর সেকশন হিসাবে গণনা করিতে হইবে।

৬। **কর পরিশোধের পদ্ধতি।**—(১) কোন মৌসুমী ইটভাটা প্রতিষ্ঠান, অতঃপর উক্ত প্রতিষ্ঠান বলিয়া উল্লিখিত, প্রতি অর্থ বৎসরে তদ্‌কর্তৃক প্রস্তুতকৃত বা প্রস্তুতাধীন ইটের উপর প্রদেয় কর পরিশোধের লক্ষ্যে এই বিধিমালার সহিত সংযোজিত "ফরম-ক"এ প্রতি ইংরেজী পঞ্জিকাবর্ষের ১০ই ডিসেম্বরের মধ্যে তিনটি কপিতে বিভাগীয় কর্মকর্তার বরাবরে ঘোষণা প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন ঘোষণা প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তার নির্দেশে সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের সুপারিনটেনডেন্ট ও রাজস্ব এলাকার ইন্সপেক্টর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষের উপস্থিতিতে সরেজমিনে উক্ত ঘোষণার যথার্থতা তদন্তপূর্বক "ফরম-ক"এর সংশ্লিষ্ট অংশ পূরণ ও স্বাক্ষর করিয়া বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন দাখিলকৃত "ফরম-ক"প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তা বিধি ৪ ও ৫ এ বর্ণিত পদ্ধতিতে উক্ত অর্থ বৎসরের করের পরিমাণ নির্ধারণপূর্বক ঘোষণাপত্রের সংশ্লিষ্ট অংশ পূরণ ও স্বাক্ষর করিয়া এক প্রস্থ তাহার দপ্তরে সংরক্ষণ করিবেন এবং অপর দুই প্রস্থ উক্ত প্রতিষ্ঠান ও স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবেন।

(৪) উক্ত প্রতিষ্ঠান উপ-বিধি (৩) এর অধীন নিরূপিত কর ট্রেজারী চালানের মাধ্যমে নিম্নরূপ তিন কিস্তিতে সরকারী কোষাগারে জমা প্রদান করিবেন, যথাঃ—

(ক) ৩১শে ডিসেম্বরের মধ্যে নিরূপিত করের ৩৫ শতাংশ ;

(খ) ১৫ই ফেব্রুয়ারীর মধ্যে নিরূপিত করের ৩৫ শতাংশ ;এবং

(গ) ৩১শে মার্চের মধ্যে নিরূপিত করের ৩০ শতাংশ ।

(৫) উক্ত প্রতিষ্ঠান উপ-বিধি (৪) এ বর্ণিত প্রতি কিস্তির কর বিধিমালার বিধি-২২ এর উপ-বিধি (১) এর দফা (ঘ) অনুযায়ী "১/১১৩৩/০০০০/০৩১১" খাতে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করিবেন এবং জমা প্রদানের দিন অথবা পরবর্তী কার্যদিবসের মধ্যে উক্ত চালানের মূল কপি সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবেন।

৭। **চালানপত্র ইস্যু।**—মৌসুমী ইটভাটা হইতে ইট সরবরাহের ক্ষেত্রে বিধিমালার বিধি ২৪ (১) অনুযায়ী উক্ত প্রতিষ্ঠান ফরম "মূসক-১১ক" এ ক্রেতার অনুকূলে একটি চালানপত্র ইস্যু করিবে।

৮। **দাখিলপত্র পেশ।**—বিধিমালার বিধি ২৪ (১) অনুযায়ী উক্ত প্রতিষ্ঠান ফরম "মূসক-১৯"এ একটি দাখিলপত্র সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা প্রদান করিবে।

৯। **দন্ড, ইত্যাদি।**—(১) কোন প্রতিষ্ঠান এই বিধিমালার কোন বিধান লংঘন করিলে, আইনের অধীন তাহার বিরুদ্ধে অন্য যে কোন ব্যবস্থা গ্রহণের বিধান ক্ষুন্ন না করিয়া, সংশ্লিষ্ট ইটের উপর প্রদেয় করের অন্যূন সমপরিমাণ বা অনুর্ধ্ব আড়াই গুণ পরিমাণ অর্থ দন্ডে দন্ডনীয় হইবেন এবং উক্ত লংঘন যেই ইট সম্পর্কিত সেই ইট এবং ক্ষেত্রমত উক্ত ইট পরিবহণে নিয়োজিত যানবাহন ও সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হইবে।

(২) কোন প্রতিষ্ঠান উপ-বিধি (১) এর অধীন আরোপিত অর্থদন্ড পরিশোধে ব্যর্থ হইলে, সহকারী কমিশনার মূল্য সংযোজন কর পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন কর্মকর্তার অনুমোদনক্রমে, কোন ব্যাংক, সংস্থা, দপ্তর বা কর্তৃপক্ষকে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে অর্থ ছাড়করণ বা বিল প্রদান স্থগিত (freeze) রাখার নির্দেশ প্রদান করিতে পারিবে।

"ফরম-ক"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

মূল্য সংযোজন কর (মৌসুমী ইটভাটা) বিধিমালা, ২০০৪

[বিধি ৬ দ্রষ্টব্য]

## [ ঘোষণাপত্র ]

পাসপোর্ট সাইজের ছবি

১। ইট প্রস্তুতকারক প্রতিষ্ঠান/ব্যক্তির নাম ঃ..........................................

২। মূসক নিবন্ধন নম্বর ঃ..........................................।

৩। ঠিকানা ঃ

ক) অফিস (যদি থাকে) ঃ

খ) ট্রেড লাইসেন্স নং ঃ

গ) ইটভাটার অবস্থান ঃ

(১) গ্রাম ঃ.......................... (২) ইউনিয়ন ঃ..............................

(৩) ডাকঘর ঃ..................... (৪) উপজেলা ঃ...................................

(৫) জেলা ঃ.......................

৪। যেই মৌসুমের জন্য ঘোষণা দেওয়া হইতেছে (অর্থবৎসর) ঃ........................................।

৫। ইটভাটার পরিমাণ ঃ

ক) দৈর্ঘ্য ঃ.............................ফুট। খ) প্রস্থ ঃ.............................ফুট।

গ) চিমনির সংখ্যা ঃ..................। ঘ) প্রতি চিমনির উচ্চতা ঃ................ফুট।

ঙ) চিমনি স্থায়ী না অস্থায়ী ........................।

৬। ইটের ব্রান্ড নাম ঃ.................................................................................................।

৭। ইটভাটা সেকশনের সংখ্যা ঃ..........................................................................।

৮। প্রতি সেকশনে যে পরিমাণ ইট পোড়ানো হইবে ঃ................................................।

৯। প্রদেয় মূল্য সংযোজন করের পরিমাণ ঃ..........................................................।

১০। পূর্ববর্তী বৎসরে প্রদত্ত মূল্য সংযোজন করের পরিমাণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ.......................।

১১। পূর্ববর্তী বৎসরের মোট বকেয়ার পরিমাণ ঃ..............................................................।

১২। ঘোষণা ঃ "আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরে ১—১১ নম্বর ক্রমিকে প্রদত্ত বিবৃতি আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাস মতে সত্য এবং পূর্ববর্তী বকেয়া রাজস্ব (যদি থাকে) পরিশোধে সচেষ্ট ও বাধ্য থাকিব। অন্যথায়, আমার/আমাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।"

তারিখ ঃ

ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর ঃ

নাম ঃ

পদবী ঃ

## সরেজমিনে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তদন্ত প্রতিবেদন

(ক ও খ এর মধ্যে প্রযোজ্যটি বাদে অন্যটি কাটিয়া দিতে হইবে)

(ক) ঘোষণা প্রদানকারী কর্তৃপক্ষের উপস্থিতিতে উল্লিখিত ঘোষণার সত্যতা সরেজমিনে যাচাইপূর্বক সঠিক পাওয়া গিয়াছে।

(খ) ঘোষণার ভিত্তিতে সরেজমিনে যে সমস্ত তথ্য সঠিক পাওয়া যায় নাই তাহা এবং প্রাপ্ত সঠিক তথ্য নিম্নরূপ ঃ

| যাহা সঠিক পাওয়া যায় নাই | প্রাপ্ত সঠিক তথ্য |
|---|---|
| ১। | ১। |
| ২। | ২। |
| ৩। | ৩। |
| ৪। | ৪। |

| | | |
|---|---|---|
| ঘোষণা প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ ঃ | রাজস্ব এলাকার ইন্সপেক্টরের স্বাক্ষর ও তারিখ ঃ | সুপারিনটেনডেন্ট এর স্বাক্ষর ও তারিখ ঃ |
| নাম ঃ | নামীয় সীলমোহর ঃ | নামীয় সীল ঃ |
| পদবী ঃ | | |

## বিভাগীয় দপ্তর পূরণ করিবে

প্রদত্ত ঘোষণা ও তদন্তে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ঘোষণা প্রদানকারী মেসার্স..........................................................................................এর ইটভাটায়....................টি সেকশন হিসাবে ন্যূনতম ইট উৎপাদনের পরিমাণ.....................................এবং...........................অর্থ বৎসরের জন্য পরিশোধযোগ্য করের পরিমাণ..........................................টাকা নির্ধারণ করা হইল।

তারিখ ঃ

বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর (সীলসহ)

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আব্দুল কাফী
প্রথম সচিব
মূসক (নীতি ও বাজেট)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।